উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

ভালুকা, ময়মনসিংহ।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ভা.মপুর, ময়মনসিংহ।

সভার স্থান ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,ভালুকা, ময়মনসিংহ ।

সভার তারিখ ঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ, সময় ঃ বিকাল ৩.০০ ঘটিকায়।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'</u>

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর ভালুকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব কে ভালুকা উপজেলায় মহিলা বিষয়ক দপ্তর সংক্রান্ত ও উপজেলায় নারী উন্নয়ন বিষয়ের উপর আলোচনা করার জন্য আহবান করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ৩য় পর্যায়ের একটি সক্ষমতা বৃদ্ধি উপ-প্রকল্প " বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগীতার আয়োজন" এর উদ্যোগ গ্রহণ করা হয়েছিলো। উক্ত উপ-প্রকল্পটি করোনা মোহামারির কারণে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বন্ধ থাকায় দীর্ঘদিন অপেক্ষা করেও কোন ভাবে বাস্তবায়ন করা যাচ্ছে না বিধায় ভা.মপুর উপজেলায় মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মনিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধির জন্য "বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগীতার আয়োজন" এই উপ-প্রকল্পটির পরিবর্তে ইউনিয়ন পরিষদ সমূহের নারী ও শিশু নির্যান প্রতিরোধ কমিটি (এনএনপিসি) এর সদস্যদের " মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মনিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ" উপ-প্রকল্প বাস্তবায়ন করা হলে সার্বিকভাবে নারী ও শিশু নির্যাতন অনেকাংশে কমে আসবে।<br>তবে "বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগীতার আয়োজন" এই উপ-প্রকল্পটির পরিবর্তে ইউনিয়ন পরিষদ সমূহের নারী ও শিশু নির্যান প্রতিরোধ কমিটি (এনএনপিসি) এর সদস্যদের " মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মনিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ" উপ-প্রকল্প বাস্তবায়ন করতে হলে ভা.মপুর উপজেলা পরিষদের পক্ষ হতে সুপারিশকৃত অনুমোদন এর মাধ্যমে উপজেলা পরিচালন ও উন্নয়ণ প্রকল্প (ইউজিডিপি) এর পিএমইউ হতে চুড়ান্ত অনুমোদন অত্যাবশ্যকভাবে গ্রহণ করতে হবে। | যেহেতু করোনা পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন যাবত বন্ধ এবং কবেনাগাদ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলবে তা এই মুহুর্তে বলা যাচ্ছে না সেহেতু ইউজিডিপি প্রকল্পের ৩য় ধাপের আওতায় বাস্তবায়নের জন্য অনুমোদিত উপ-প্রকল্প "বাল্যবিবাহ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক বিদ্যালয় সমূহে বিতর্ক প্রতিযোগীতার আয়োজন" এর পরিবর্তে সমান বরাদ্দ ভ্যাট, আইটি ব্যতীত ১,১৩,৫০০/- (এক লক্ষ তের হাজার পাঁচশত টাকা মাত্র) টাকায়, ইউনিয়ন পর্যায়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্যদের জন্য "মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক, এসিড নিক্ষেপ প্রতিরোধ ও জন্মনিবন্ধন সংক্রান্ত আইন সম্পর্কে অবহিতকরন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ" শীর্ষক একটি উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাব আকারে উপজেলা পরিষদের নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

চলমান পাতা-২

স্মারক নং- *উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস/ভা.ম/২০২১-* তারিখঃ ৩০/০৯/২০২১খ্রি.

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ</u>

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান..........................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ভালুকা, ময়মনসিংহ।